আজ থেকে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু

সারা দেশের ন্যায় মেহেরপুর জেলাতেও আজ থেকে শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা।

চলতি বছর ১৩ টি পরীক্ষা কেন্দ্রে সাধারণ শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষায় মোট ৭৯৬১ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে। এর মধ্যে ৩৮৮৭ জন ছাত্র ও ৩৮৩৭ জন ছাত্রী।

এসএসসি ও সমমানের পরীক্ষায় ১১৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা জেলার ১৩ টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেবেন। এবার জেলাতে মানবিক শাখা থেকে ৫৩১৪, বিজ্ঞান বিভাগ থেকে ২১১৩ এবং ব্যবসা শিক্ষা বিভাগ থেকে ২৯১ জন অংশ নিচ্ছে।

এরআগে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এসএসসি, এসএসসি/দাখিল (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষার কেন্দ্রগুলোতে সুষ্ঠু ও শান্তিপুর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়া নিশ্চিত করতে ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে ।

এই আদেশ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার দিন থেকে পরীক্ষা চলাকালীন পর্যন্ত বলবৎ থাকবে।